BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD CANTONMENT, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775; Website: www.bauet.ac.bd; e-mail: registrarbauet@gmail.com

BAUET/এ/০০১/(১২)/২০২৬-৯৭০২৯ তারিখ ঃ ০৬ জুলাই ২০২৬

নোটিশ

কোর্স রেজিস্ট্রেশন সামার-২০২৬ সেমিস্টার

১। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিই, সিএসই, ইইই, আইসিই, এমই, ব্যবসায় প্রশাসন, ইংরেজী এবং আইন ও বিচার বিভাগের সকল ব্যাচের শিক্ষার্থীদের সামার-২০২৬ সেমিস্টার এর অনলাইন কোর্স রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ১৬ জুলাই ২০২৬ হতে ২৬ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত চলবে এবং উক্ত সময়ের পরে ৫০০/- টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে ২৭ জুলাই ২০২৬ হতে ২৯ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২। কোর্স রেজিস্ট্রেশন ব্যতীত ক্লাসের উপস্থিতি, পরীক্ষার প্রবেশপত্র প্রদান, পরীক্ষা গ্রহণ এবং ক্রেডিট মূল্যায়ন করা হবে না।

৩। **অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের সেমিস্টার ফি প্রদানের নিয়মসমূহ ঃ**

ক। ১ম থেকে ৮ম সেমিস্টারের সকল শিক্ষার্থীরা সামার-২০২৬ সেমিস্টারের সমুদয় ফি (১০০%) ব্যাংকে জমা দিয়ে উক্ত ব্যাংক জমা রশিদ (মূল কপি/ ফটোকপি) দ্বারা ব্যাচ এডভাইজারের সহায়তায় নির্ধারিত তারিখের মধ্যে (১৬ জুলাই ২০২৬ হতে ২৬ জুলাই ২০২৬ ও বিলম্ব ফি সহ ২৭ জুলাই ২০২৬ হতে ২৯ জুলাই ২০২৬) অনলাইনে ফরম পূরণের মাধ্যমে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

খ। তবে শুধুমাত্র ২য় থেকে ৮ম সেমিস্টারের শিক্ষার্থীরা কিস্তিতে নিম্নেবর্ণিত তারিখ অনুযায়ী সেমিস্টার ফি পরিশোধ করতে পারবে ঃ

(১) প্রথম কিস্তি (সেমিস্টার ফি এর ৩০%) ১৬ জুলাই ২০২৬ হতে ২৬ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত এবং উক্ত সময়ের পরে ৫০০/- টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে ২৭ জুলাই ২০২৬ হতে ২৯ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত সেমিস্টার ফি পরিশোধ করা যাবে।

(২) দ্বিতীয় কিস্তি (সেমিস্টার ফি এর ৩০%) ২৩ আগস্ট ২০২৬ হতে ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত এবং উক্ত সময়ের পরে ৫০০/- টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে ০২ সেপ্টেম্বর ২০২৬ হতে ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত সেমিস্টার ফি পরিশোধ করা যাবে।

(৩) তৃতীয় কিস্তি (সেমিস্টার ফি এর ৪০%) ২৫ অক্টোবর ২০২৬ হতে ০১ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত এবং উক্ত সময়ের পরে ৫০০/- টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে ০২ নভেম্বর ২০২৬ হতে ০৪ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত সেমিস্টার ফি পরিশোধ করা যাবে।

৪। সেমিস্টার ফি জমা প্রদানের পদ্ধতিসমূহ ঃ

ক। **i-EMS স্টুডেন্ট পোর্টালে রিয়েল টাইমে সেমিস্টার ফি জমার ক্ষেত্রে নিম্নেবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ**

(১) বাউয়েটের i-EMS Software এর স্টুডেন্ট পোর্টাল হতে নির্ধারিত পদ্ধতি অনুসরন করে Trust Axiata Pay (TAP) ব্যবহার করে সেমিস্টার ফি জমা দেওয়া যাবে (চার্জ প্রযোজ্য, Tap নম্বরঃ ০১৭০৮-০৯১১৬৭)। **এক্ষেত্রে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরন করতে হবে ঃ** i-EMS Student পোর্টালে লগ-ইন→ Online payment নির্বাচন→ Pay other amount নির্বাচন→ টাকার পরিমান নির্ধারণ→ শিক্ষার্থীর TAP Account No ও গোপন পিন নম্বর পুরণ→ Send Verification Code নির্বাচন→Verification Code পুরণ→ লেনদেন সমাপ্ত করণ (এই পদ্ধতিতে ব্যাংক একাউন্টে টাকা জমা ও শিক্ষার্থীর পোর্টালে জমা স্বয়ংক্রিয়ভাবে আপডেট হবে)।

অথবা,

(২) বাউয়েটের i-EMS Software এর স্টুডেন্ট পোর্টাল হতে Bank Payment Voucher প্রস্তুত করে এবং উক্ত Voucher Print করে নিয়ে ট্রাস্ট ব্যাংক পিএলসি, দয়ারামপুর শাখা এর অনুকূলে সেমিস্টার ফি জমা দেওয়া যাবে। **এক্ষেত্রে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরন করতে হবে ঃ** i-EMS Student পোর্টালে লগ-ইন → ব্যাংক ডিপোজিট স্লীপ নির্বাচন → ব্যাংকের নাম ট্রাস্ট ব্যাংক পিএলসি, দয়ারামপুর শাখা, নাটোর নির্বাচন ও টাকার পরিমান উল্লেখ → ভিউ ডিপোজিট স্লীপ নির্বাচন করলে তিন খন্ড সম্বলিত একটি স্লীপ প্রদর্শিত হবে উক্ত স্লীপ প্রিন্ট করে স্লীপে উল্লেখিত টাকা স্বহস্তে ট্রাস্ট ব্যাংক পিএলসি, দয়ারামপুর শাখায় জমা করতে হবে (এই পদ্ধতিতে টাকা জমা সম্পন্ন হলে শিক্ষার্থীর পোর্টাল স্বয়ংক্রিয়ভাবে আপডেট হবে)।

অথবা,

খ। **i-EMS স্টুডেন্ট পোর্টালে ম্যানুয়ালি সেমিস্টার ফি জমা প্রদানের পদ্ধতিসমূহ ঃ**

(১) ট্রাস্ট ব্যাংকের যে কোন শাখায় ব্যাংকের জমা ভাউচার এর মাধ্যমে জমাকারী শিক্ষার্থীর তথ্য উল্লেখ করতঃ হিসাব শিরোনাম "BAUET Qadirabad" হিসাব নং ০০৫৪-০২১০০০২৫১৮, ট্রাস্ট ব্যাংক পিএলসি, দয়ারামপুর শাখা" এর অনুকূলে সেমিস্টার ফি জমা দেওয়া যাবে (এই পদ্ধতিতে টাকা জমা সম্পন্ন হলে পরবর্তী কর্মদিবসে সংশ্লিষ্ট শিক্ষার্থীর i-EMS পোর্টাল ম্যানুয়ালি আপডেট করা হবে)।

অথবা,

(২) বাংলাদেশে অবস্থিত যে কোন ব্যাংকের যে কোন শাখা হতে/Mobile App ব্যবহার করে BEFTN/NPSB এর মাধ্যমে হিসাব শিরোনাম "BAUET, Qadirabad" হিসাব নং ০০৫৪-০২১০০০২৫১৮, রাউটিং নং ২৪০৬৯০৪০৯, ট্রাস্ট ব্যাংক পিএলসি, দয়ারামপুর শাখার অনুকূলে সেমিস্টার ফি জমা দেওয়া যাবে (এই পদ্ধতিতে অনুসরণ করে টাকা জমা দেওয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী কর্তৃক উক্ত জমার রশিদ স্টুডেন্টস ফাইন্যান্স শাখায় স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা প্রদানের শর্তে i-EMS শিক্ষার্থী পোর্টাল ম্যানুয়ালি আপডেট করা হবে)।

গ। সেমিস্টার ফি জমা প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থীর নাম, আইডি নং ও বিভাগ অবশ্যই উল্লেখ করতে হবে। ফি জমা দেওয়ার পর ব্যাচ এডভাইজারকে অবগত করতে হবে এবং বিশেষ ক্ষেত্রে অর্থ ও হিসাব শাখার ই-মেইল s.financebauet@gmail.com বরাবর অবহিত করতে হবে। সকল ক্ষেত্রে টাকা জমাদানের রশিদ সংরক্ষণের জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করতে অনুরোধ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
পক্ষে উপাচার্য

বিতরণ ঃ
অভ্যন্তরীণ ঃ
কার্যক্রম ঃ
সকল বিভাগীয় প্রধান (একাডেমিক)
সকল প্রভোস্টগণ
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
সকল ব্যাচ এডভাইজারগণ (শিক্ষার্থীদের অবগতির জন্য)
স্টুডেন্ট ফাইন্যান্স সেকশন
BAUETওয়েবসাইট
সকল নোটিশ বোর্ড

অবগতি ঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক
সকল পরিচালকগণ